

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 02-07-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রোগীদের পরিষেবা দেবার পাশাপাশি তাদের পরিজনদের প্রতি চিকিৎসকদের আরো আন্তরিক হতে হবে। তবেই জাতীয় চিকিৎসক দিবস পালনের সার্থকতা পাওয়া যাবে। গতকাল আগরতলার বিদ্যুরকর্তা চৌমুহনী এলাকায় ডাঃ ফনিভুষণ দাস স্মৃতি হেলথ কাউন্সিল ভবনের উদ্বোধন করে একথা বলেন তিনি।

জাতীয় চিকিৎসক দিবস উপলক্ষে গতকাল আগরতলার প্রজাভবন আয়োজিত অনুষ্ঠানেও মুখ্যমন্ত্রী বক্তব্য রাখেন।

ডাঃ বিধান চন্দ্র রায়ের প্রতি শুন্দা জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, মানুষের প্রতি দায়বদ্ধতা, আস্থা অর্জনের নিদর্শন রেখে গেছেন তিনি। তাঁর এই চিন্তা চেতনা আগামী প্রজন্মের আরো বেশি করে জানা দরকার। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্য স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে গৃহিত পদক্ষেপগুলি বিস্তারিত উল্লেখ করেন।

Union Cabinet Decision :

দেশে কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা গতকাল প্রায় এক লক্ষ কোটি টাকার কর্মসংস্থান-কেন্দ্রিক ইঞ্জেনিটিভ বা পারিতোষিক প্রকল্পে অনুমোদন প্রদান

করেছে। এই প্রকল্পের লক্ষ্য হল, দুই বছরের মধ্যে দেশে সাড়ে ৩ কোটিরও বেশি কর্মসংস্থান সৃষ্টি করা। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈঞ্জনিক গতকাল নয়াদিল্লিতে সাংবাদিকদের একথা জানান। এই প্রকল্পের সুবিধাগুলি পয়লা আগস্ট ২০২৫ থেকে ৩১ জুলাই, ২০২৭ -এর মধ্যে তৈরী হওয়া কর্মসংস্থানের জন্য প্রযোজ্য হবে বলেও জানান শ্রী বৈঞ্জনিক।

AMIT SHAH-NEW THREE LAWS :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনয়ম বিচারব্যবস্থাকে বদলে দেবে। নতুন ফৌজদারি আইনের বর্ষপূর্তি উপলক্ষে গতকাল নয়াদিল্লিতে আয়োজিত এক অনুষ্ঠানে শ্রী শাহ এই কথা বলেন। তিনি বলেন যে প্রধানমন্ত্রীর নেতৃত্বে সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক ন্যায়বিচারের উপর ভিত্তি করে শাসনের একটি স্বর্ণযুগ শুরু হতে চলেছে। তিনি আরও বলেন, আগামী দিনে, দেশের ফৌজদারি বিচার ব্যবস্থা অবশ্যই জনগণের মধ্যে আস্থার একটি দৃঢ় অনুভূতি জাগিয়ে তুলবে যে ন্যায়বিচার দ্রুত প্রদান করা হবে। মন্ত্রী আরও বলেন, নতুন আইনগুলিতে এফআইআর দায়ের করার তিনবছরের মধ্যে ন্যায় বিচার নিশ্চিত করা হবে।

Sukla Charan Noatia :

সমবায় মন্ত্রী শুল্কাচরন নোয়াতিয়া গতকাল নতুন দিল্লির রেল ভবনে রেল বোর্ডের চেয়ারম্যান ও মুখ্য কার্যনির্বাহী আধিকারিক সতীশ কুমারের সঙ্গে দেখা করেন। তিনি রাজ্যের জোলাইবাড়ি ও বিলোনিয়া রেল স্টেশনে কাঞ্চনজঙ্গা এক্সপ্রেস'র স্টপেজ এবং গর্জিতে একটি ফাইওভার ব্রিজ স্থাপন করার অনুরোধ জানান।

TRANSFER OF HIGH OFFICIALS :

রাজ্যের বিভিন্ন পদে দায়িত্বপ্রাপ্ত মোট ১৩ জন IAS, IFS ও TCS আধিকারিককে নতুন পদে বদলি করা হয়েছে। এর মধ্যে তড়িৎ কান্তি চাকমা-কে গোমতী জেলার জেলাশাসক পদ থেকে ত্রিপুরা রুরাল লাইভলিহ্বড মিশনের সি.ই.ও. হিসেবে বদলি করা হয়েছে। রিস্কুলাথার-কে গোমতীর ডি.এম. করা হয়েছে। IAS ড. শৈলেশ স্কিল ডেভেলপমেন্টের দায়িত্ব থেকে অব্যাহতি পাচ্ছেন। অন্যদিকে, IAS প্রদীপ কে. হচ্ছেন স্কিল ডেভেলপমেন্টের ডিরেক্টর। IAS সাজু ওয়াহিদ NAM-এর সদস্য সচিব এর অতিরিক্ত দায়িত্ব সহ NHM এর MD হিসেবে দায়িত্ব প্রাপ্ত করবেন। এই রদবদল অবিলম্বে কার্য্যকর হবে বলে জানিয়েছে সাধারণ প্রশাসন দপ্তর।

Preparatory Meeting :

কুমারঘাট মহকুমা ভিত্তিক ড. শ্যামাপ্রসাদ মুখার্জির ১২৫তম জন্মজয়ন্তী আগামী ৬ জুলাই ফটিকরায়ের নজরুল কলাকেন্দ্রে অনুষ্ঠিত হবে। তাছাড়া এ বছর উনকোটি জেলাভিত্তিক বর্ষামঙ্গল উৎসব আগামী ২৪ জুলাই কুমারঘাটের

গীতাঞ্জলি অডিটোরিয়ামে আয়োজিত হবে। কুমারঘাট পুর পরিষদের কনফারেন্স হলে আয়োজিত এক প্রস্তুতি সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। দু'টি অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করতে দু'টি কমিটি গঠন করা হয়েছে। ড. শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মজয়ন্তী উদযাপনের জন্য কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাসকে চেয়ারম্যান করে একটি কমিটি ও 'বর্ষামঙ্গল উৎসব-২০২৫' উদযাপনের জন্য উনকোটি জিলা পরিষদের সহকারি সভাধিপতি সন্তোষ ধরকে চেয়ারম্যান করে আরেকটি কমিটি গঠন করা হয়।

Blood Donation :

অগ্নি নির্বাপক দপ্তরের খোয়াই, পশ্চিম ও সিপাহিজলা জেলার বিভাগীয় দপ্তরের উদ্যোগে গতকাল অগ্নি নির্বাপক দপ্তরের সদর কার্যালয়ে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ৪৩ জন রক্তদান করেন।

Mock Drill :

রাজস্ব বিভাগের সচিব ট্রিজেশ পাণ্ডে গতকাল বন্যা ও ভূমিধ্বসের উপর রাজ্যস্তরের মক ড্রিল অনুশীলন পরিচালনার বিষয়ে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সমন্বয় বৈঠক করেন। বৈঠকটির লক্ষ্য হল, মক ড্রিলের সঙ্গে যুক্ত বিভিন্ন বিভাগ এবং সংস্থার মধ্যে সমন্বয় নিশ্চিত করা।

WORLD SPORTS JOURNALISTS DAY :

আজ বিশ্ব ক্রীড়া সাংবাদিক দিবস। রাজ্যও এই দিনটি যথাযোগ্য মর্যাদায় পালনের উদ্যোগ নেয়া হয়েছে। আজ মূল অনুষ্ঠানটি হবে আগরতলা প্রেস ক্লাবে। ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাবের উদ্যোগে এবং রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহায়তায় বিশ্ব ক্রীড়া সাংবাদিক দিবসে প্রথমবারের মত ক্রীড়া সাংবাদিক বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হবে। দুপুর ১টায় মুখ্যমন্ত্রী প্রফেসার ডা. মানিক সাহা এই কর্মশালার উদ্বোধন করবেন। অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় উপস্থিত থাকবেন। এতে রিসোর্স পার্সন হিসেবে কলকাতার বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক গোতম ভট্টাচার্য ক্রীড়া সাংবাদিকদের প্রশিক্ষণ দেবেন। রাজ্যের বিভিন্ন মহকুমা থেকে ৫০ জন সাংবাদিক এই কর্মশালায় অংশ নেবেন।

SECOND DIVISION :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় বীরেন্দ্র ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নেশালোকে অনুষ্ঠিত খেলায় বীরেন্দ্র ক্লাব ৩-০ গোলে স্কাইলার্ক ক্লাবকে পরাজিত করেছে।

Weather :

আজ আকাশ সাধারণতঃ মেঘাচ্ছন্ন থাকবো। বজ্র-বিদ্যুৎ সহ দু'এক পশলা হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতের স্থান রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে

দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে
পাঁচটা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ১.৪ মিলিমিটার।
